



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

তারিখঃ ০৮/০৩/২০২০খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক নারী দিবস পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে 'আন্তর্জাতিক নারী দিবস-২০২০'। দিবসটি উপলক্ষে সকাল ১০.৩০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের শেখ হাসিনা হল ক্যাম্পাসে একটি বর্ণাঢ্য র্যালি বের করে। শেখ হাসিনা হলের প্রভোস্ট চিন্ময়ী পোদ্দারের নেতৃত্বে র্যালিতে শেখ হাসিনা হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের নারী কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। র্যালিটি শেখ হাসিনা হলের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। এর আগে সকাল ৯ টায় শেখ হাসিনা হলের সম্মুখে বেলুন ও ফেস্টুন উড়িয়ে 'আন্তর্জাতিক নারী দিবস-২০২০' এর উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় নারী দিবসে সকল নারীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, আপনারা কখনো নিজেদেরকে দুর্বল ভাববেন না, কেননা আপনারা মায়ের জাতি। প্রতিটি ধর্মেই নারীর মর্যাদার কথা উল্লেখ রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা নারীর ক্ষমতায়নে ও নারীর কল্যাণে সব ধরনের কাজ করে যাচ্ছেন। উপাচার্য মহোদয় এ দিবসকে একটি নির্দিষ্ট দিনের মধ্যে সীমাবদ্ধ না রেখে এর ব্যাপকতা ও গভীরতা বহুরের প্রতিটি দিনই উপলব্ধি করতে সকলের প্রতি আহবান জানান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস